

(৫০০৮০)

রবার্তা :
বাংলাব্যাংক
দূরাল্পনী : ৭১২৬১০১-২০

এসিএসপিডি সাকুলার নং-৪

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
ডাকবাংলো নং ৩২৫
খাকা - ১০০০

কৃষি ঋণ ও স্পেশাল
প্রোগ্রামস বিভাগ

তারিখ : ২৩ ভাদ্র, ১৪১০
০৭ সেপ্টেম্বর, ২০০৩

বাংলাদেশের সকল তফশিলী ব্যাংক

কৃষিভিত্তিক শিল্প চিহ্নিতকরণ

প্রিয় মহোদয়,

ব্যাংক ঋণের উদ্দেশ্যে কৃষিভিত্তিক শিল্প চিহ্নিতকরণের সুবিধার্থে পরিশিষ্ট ক-তে এতদসংক্রান্ত একটি তালিকা প্রদত্ত হল। তালিকাভুক্ত শিল্প/প্রকল্পসমূহে প্রদত্ত ঋণ কৃষিভিত্তিক শিল্পঋণ হিসাবে গন্য হবে।

কৃষিভিত্তিক শিল্পখাতে ঋণ প্রবাহ পরিবীক্ষণের সুবিধার্থে পরিশিষ্ট খ-এ প্রদত্ত ছক মোতাবেক উক্ত খাতে বিতরণকৃত ঋণের একটি মাসিক বিবরণী নিয়মিতভাবে অত্র বিভাগে প্রেরণের জন্য ব্যাংকসমূহকে অনুরোধ করা যাচ্ছে। বিবরণীটি সংশ্লিষ্ট মাসান্তে পরবর্তী মাসের ২০ তারিখের মধ্যে অত্র বিভাগে পৌঁছাতে হবে। এতদসংক্রান্ত সেপ্টেম্বর'০৩ মাসের প্রথম বিবরণীটি অক্টোবর'০৩ মাসের ২০ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

সংযোজনী : বর্ণনা মোতাবেক। তত

আপনাদের বিশ্বস্ত,

(নিতাই দাস সাহা)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৯৪৭

কৃষিভিত্তিক শিল্পের তালিকা

পরিশিষ্ট -
'ক'

- ১। ফলজাত খাদ্য (জ্যাম, জেলি, জুস, আচার, শরবত, সিরাপ, সস ইত্যাদি) উৎপাদনকারী শিল্প;
- ২। টিনজাত ফল প্রক্রিয়াকরণ (টেমেটো, আম, পেয়ারা, কাঁঠাল, লিচু, আনারস ইত্যাদি);
- ৩। ব্রেড এন্ড বিস্কুট, সেমাই, লাচ্ছা, চানাচুর, নুডুলস্ ইত্যাদি প্রস্তুতকরণ;
- ৪। আটা, ময়দা, সুজি প্রস্তুতকরণ;
- ৫। চাল, মুড়ি, চিড়া, খৈ ইত্যাদি প্রস্তুতকরণ;
- ৬। মাশরুম ও স্পিরুলিনা প্রক্রিয়াকরণ;
- ৭। ষ্টার্চ, গ্লুকোজ, ডেস্কট্রোজ এবং অন্যান্য ষ্টার্চ পণ্য উৎপাদনকারী শিল্প;
- ৮। দুগ্ধ প্রক্রিয়াকরণ (দুধ পাস্তুরিতকরণ, গুঁড়ো দুধ, আইসক্রিম, কনডেন্সড মিল্ক, মিষ্টি, পনির, ঘি, মাখন, চকোলেট, দধি ইত্যাদি);
- ৯। আলু থেকে প্রক্রিয়াজাত খাদ্য (চিপস্, পটেটো ফ্লেঞ্চ, ষ্টারস্ ইত্যাদি) উৎপাদনকারী শিল্প;
- ১০। সুগন্ধি চাল, বিভিন্ন গুড়া মসলা উৎপাদনকারী শিল্প;
- ১১। ভোজ্য তৈল পরিশোধন ও হাইড্রোজিনেশন ;
- ১২। লবন প্রক্রিয়াজাতকরণ শিল্প;
- ১৩। আখ প্রক্রিয়াজাতকরণ শিল্প;
- ১৪। চিংড়ি ও অন্যান্য মাছ প্রক্রিয়াজাতকরণ ও হিমায়িতকরণ (রপ্তানীর উদ্দেশ্যে);
- ১৫। ডাল প্রক্রিয়াজাতকরণ শিল্প ;
- ১৬। জর্দা, পান, মসলা, খয়ের ইত্যাদি উৎপাদনকারী শিল্প;
- ১৭। সিগারেট ও বিড়ি উৎপাদন এবং তামাক প্রক্রিয়াকরণ;
- ১৮। অন্যান্য কৃষিজ পণ্য প্রক্রিয়া ও বাজারজাতকরণ;
- ১৯। চা শিল্প;
- ২০। হারবাল ও ভেষজ কস্মেটিক্স প্রস্তুতকারী শিল্প;
- ২১। ইউনানী, আয়ুর্বেদিক ঔষধ প্রস্তুতকারী শিল্প;
- ২২। নারিকেল তৈল প্রস্তুতকারী শিল্প;
- ২৩। কুঁড়া, ভূঁষি, ছোলা, ভুট্টা, খৈল প্রভৃতি দ্বারা হাঁস, মুরগী ও গবাদি পশুর সুস্বাদু খাদ্য প্রস্তুতকারী শিল্প;
- ২৪। ফিস ফিড তৈরী;
- ২৫। বীজ প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ;
- ২৬। পাটজাত দ্রব্য প্রস্তুতকরণ (যেমন দড়ি, সূতা, টোয়াইন, চট, ধলে, কাপেট, পাটের সেভেল প্রভৃতি)
- ২৭। রাবার টেপ, লাক্সা প্রক্রিয়াজাতকরণ;
- ২৮। রেশম বস্ত্র উৎপাদনকারী শিল্প;
- ২৯। কৃষিজাত পণ্য উৎপাদনে সহায়ক যন্ত্রশিল্প স্থাপন, মেরামত প্রভৃতি;
- ৩০। ডিষ্টিলারিজ;
- ৩১। কোল্ড ষ্টোরেজ;
- ৩২। প্লাইউড ও টি-চেপ্ট;
- ৩৩। প্যাকিং বোর্ড ও বিল্ডিং বোর্ড (পাটিকেল ও পাটেক্স বোর্ডসহ)
- ৩৪। পেপার উৎপাদন;
- ৩৫। কৃষিজাত পণ্য প্রক্রিয়াকরণ সংশ্লিষ্ট অন্যান্য শিল্প

কৃষিভিত্তিক শিল্পে ব্যাংক ঋণের মাসিক বিবরণী

ব্যাংকের নাম :-

অর্থ বছর : -

মাস : -

(কোটি টাকায়)

ঋণ বিতরণের বার্ষিক লক্ষ্যমাত্রা	চলতি অর্থ বছরে বিতরণ (আলোচ্য মাস পর্যন্ত)			আলোচ্য মাস শেষে মোট আদায়	আলোচ্য মাস শেষে বকেয়া			বকেয়ার মধ্যে শ্রেণীকৃত ঋণের পরিমাণ			মন্তব্য
	মেয়াদী ঋণ	চলতি মূলধন ঋণ	মোট		মেয়াদী ঋণ	চলতি মূলধন ঋণ	মোট	মেয়াদী ঋণ	চলতি মূলধন ঋণ	মোট	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২

কর্মকর্তার স্বাক্ষর
সীল